কোটচাঁদপুরে গাছ কাটা শ্রমিকের মৃত্যু

গাছ থেকে পড়ে গিয়ে রফিকুল ইসলাম (৫০) নামের এক গাছ কাটা শ্রমিকের মৃত্যু হয়েছে। আজ বুধবার কোটচাঁদপুরের চাঁদপাড়া মাঠে ঘটনাটি ঘটেছে । সে কোটচাঁদপুরের এলাঙ্গী গ্রামের মৃত রুস্তম দফাদারের ছেলে।

মৃতের চাচাত ভাই রকিব উদ্দিন জানান, রফিকুল ইসলাম গাছ কাটার কাজ করেন। বুধবার সকালে বাড়ি থেকে বের হয়ে চাঁদপাড়ার মাঠে গাছ কাটতে যায়। এরপর সে গাছে উঠে ডাল কাটছিল। এ সময় রফিকুল ইসলাম গাছের ডাল ভেঙ্গে নিচে পড়ে যায়। এতে করে সে গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে যশোর হাসপাতালে রেফার্ড করেন।

এরপর তাঁর স্বজনরা তাকে যশোর হাসপাতালে নেওয়ার পথে রফিকুল ইসলাম মারা যায়। সে পেশায় ছিলেন গাছ কাটার শ্রমিক।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) ইদ্রিস আলী বলেন, ঘটনাটি তো গ্রাম এলাকার। কেউ আমাদের এ বিষয়টি জানাননি।